গোপনীয়


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
☏ ০২-৮৮৭৯২৯৯ ফ্যাক্স নং-০২-৮৮৭৯১৯৯
E-mail : ce@rhd.gov.bd


স্মারক নং-১সিই-৩/২০১২(ঢাকা)/ ১৪/তদন্ত তারিখঃ ১৫/০১/২০১৭

## "দপ্তরাদেশ"

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরবিহন ও মহাসড়ক বিভাগ, সজস-২ এর স্মারক নং ৩৫.০৩০.০০১.০০.০০.০০৭. ২০১১-১৩ তাং ০৪-০১-২০১২ এর নির্দেশনার প্রেক্ষিতে জনাব মোঃ এমদাদুল হক (পরিচিতি নং-১০০০২৮), উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), সওজ, জয়দেবপুর সড়ক উপ-বিভাগ, গাজীপুর (প্রাক্তন কর্মস্থলঃ সড়ক উপ-বিভাগ, নরসিংদী) এর বিরুদ্ধে;

এবং

যেহেতু, বিভিন্ন সড়ক নির্মাণ প্রকল্পে অনিয়মের বিষয়ে সত্য ও জবাবদিহিতা কমিশনে হাজির হয়ে স্বেচ্ছাপ্রণোদিতভাবে স্বহস্তে লিখিত আবেদনে স্বাক্ষর করে শপথপূর্বক দুর্নীতি করার স্বীকারোক্তি প্রদান করেছেন;

এবং

যেহেতু, সত্য ও জবাবদিহিতা কমিশন এর মামলা নম্বর সজক/আইন/২০০৮/দুদক/৩৬৫ এর দলিল দস্তাবেজ হতে সুস্পষ্টভাবে প্রতিভাত হয় যে, আপনি দুর্নীতির মাধ্যমে অবৈধভাবে অর্থ আয় করেছেন;

এবং

যেহেতু, অবৈধভাবে অর্থ উপার্জনের দায় লিখিতভাবে শপথপূর্বক স্বীকার করে গত ২২-১২-২০০৮ তারিখে ট্রেজারী চালান নং-০৮/৮ এর মাধ্যমে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করেছেন মর্মে অভিযোগে;

এবং

যেহেতু, সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) ১৯৮৫ এর বিধিমালা ২(এফ) এর সংজ্ঞা ও ৩(বি) এবং ৩(ডি) বিধি মোতবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে জনাব মোঃ এমদাদুল হক (পরিচিতি নং-১০০০২৮), উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), সওজ, জয়দেবপুর সড়ক উপ-বিভাগ, গাজীপুর (প্রাক্তন কর্মস্থলঃ সড়ক উপ-বিভাগ, নরসিংদী) এর বিরুদ্ধে অত্র দপ্তর স্মারক নং ১সিই-৩/২০১২(ঢাকা)/৬৬/তদন্ত তাং ০১-০২-২০১২ এর মাধ্যমে বিভাগীয় মামলা রুজু করা হয়। তৎপ্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মকর্তা গত ২২-০৪-২০১২ তারিখে আলোচ্য বিভাগীয় মামলার বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট ডিভিশনে ১৯-০২-২০১২ তারিখে দায়েরকৃত রীট পিটিশন নং ১৭৮৭/২০১২ এর কাগজ সংযুক্ত করতঃ পুনরায় জবাব প্রদানের নিমিত্তে ১৫ জুলাই, ২০১২ পর্যন্ত সময় বর্ধিত করার জন্য আবেদন করেন। অতঃপর গত ০৩-০৬-২০১২ ইং তারিখে তিনি মহামান্য হাইকোর্টের রীট মামলার বিষয়ে একটি Lawyer's Certificate সহ সময় বর্ধনের আবেদন করেন;

এবং

যেহেতু, অত্র দপ্তর স্মারক নং ১সিই-৩/২০১২(ঢাকা)/৫০১/তদন্ত তাং ২৮-১২-২০১৪ মোতাবেক জনাব মোঃ এমদাদুল হক (পরিচিতি নং-১০০০২৮), উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), সওজ-কে বিভাগীয় মামলার জবাব প্রদানের জন্য পুনরায় তাগিদপত্র প্রদান করা হলে তিনি গত ৩০-১২-২০১৪ তারিখে বিভাগীয় মামলার জবাব দাখিল করেন এবং জবাবে আত্নপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা প্রকাশ করেন। পরবর্তীতে অত্র দপ্তর স্মারক নং ১সিই-৩/২০১২(ঢাকা)/২১/তদন্ত তাং ১২-০১-২০১৫ এর মাধ্যমে সংশ্লিষ্ট কর্মকর্তাকে আত্নপক্ষ সমর্থনে শুনানীতে অংশগ্রহণ করে বক্তব্য প্রদানের নির্দেশের প্রেক্ষিতে তিনি গত ২১-০১-২০১৫ তারিখে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন ও লিখিত জবাব পেশ করেন। উক্ত জবাব গ্রহনযোগ্য না হওয়ায় অত্র দপ্তর স্মারক নং ১সিই-৩/২০১২(ঢাকা) /৭৩/তদন্ত তাং ১০-০২-২০১৫ এর মাধ্যমে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অভিযোগসমুহের উপর তদন্ত কার্য পরিচালনার জন্য সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৩) উপ-বিধি মোতাবেক জনাব মোঃ আহসান হাবিব, নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), সওজ, কন্ট্রাক্ট ইভ্যালুয়েশন বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকাকে তদন্ত কর্মকর্তা এবং জনাব মোঃ সোহেল রানা, উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, মনিটরিং ও ইভ্যালুয়েশন উপ-বিভাগ, ঢাকা জোন, পাইকপাড়া, মিরপুর, ঢাকাকে উক্ত বিভাগীয় মামলার সরকার পক্ষে মামলা পরিচালনা কর্মকর্তা (Conducting Officer) নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা জনাব মোঃ আহসান হাবিব, নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), সওজ, কন্ট্রাক্ট ইভ্যালুয়েশন বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা তার দপ্তর স্মারক নং-৮৭-কঃইঃ তাং ১৮-০৮-২০১৫ এর মাধ্যমে বর্ণিত বিষয়ে একটি তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ এমদাদুল হক (পরিচিতি নং-১০০০২৮), উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), সওজ এর বিরুদ্ধে আনীত অভিযোগসমুহ প্রমাণিত হয়নি এবং তাকে নির্দোষ হিসেবে মতামত প্রদান করেছেন;

এবং

ডাইরী নং ১২৬ তারিখ ২৩/১/১৭
নিঃ প্রঃ ল্যা... কঃ সিঃ এনালিষ্ট
নিঃ হাঃ ইঞ্জিঃ/সহঃ প্রঃ এমআইএস।
তঃ প্রঃ এমআইএস

চলমান পাতা/০২

যেহেতু, জনাব মোঃ এমদাদুল হক (পরিচিতি নং-১০০০২৮), উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), সওজ, জয়দেবপুর সড়ক উপ-বিভাগ, গাজীপুর (প্রাক্তন কর্মস্থলঃ সড়ক উপ-বিভাগ, নরসিংদী) এর বিরুদ্ধে তদন্ত প্রতিবেদন মোতাবেক সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) ১৯৮৫ এর বিধিমালা ২(এফ) এর সংজ্ঞা ও ৩(বি) এবং ৩(ডি) বিধি মোতবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমাণিত হয়নি;

এবং

সেহেতু, এক্ষণে জনাব মোঃ এমদাদুল হক (পরিচিতি নং-১০০০২৮), উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), সওজ, জয়দেবপুর সড়ক উপ-বিভাগ, গাজীপুর (প্রাক্তন কর্মস্থলঃ সড়ক উপ-বিভাগ, নরসিংদী) এর বিরুদ্ধে অত্র দপ্তর স্মারক নং ১সিই-৩/২০১২(ঢাকা)/৬৬/তদন্ত তাং ০১-০২-২০১২ মোতাবেক রুজুকৃত বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(ইবনে আলম হাসান)
পরিচিতি নং-০০১০৩৩
প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে পেশ করা হলো ঃ-

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইহা মন্ত্রনালয়ের স্মারক নং ৩৫.০৩০.০০১.০০.০০. ০০৭.২০১১-১৩ তাং ০৪-০১-২০১২ এর প্রেক্ষিতে।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা জোন, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, ঢাকা সড়ক সার্কেল, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, এমআইএস এন্ড এষ্টেটস সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। দপ্তরাদেশটি RHD Website-এ প্রকাশের জন্য বলা হলো।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, গাজীপুর।
৮। নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, নরসিংদী।
৯। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গাজীপুর।
১০। জনাব মোঃ এমদাদুল হক (পরিচিতি নং-১০০০২৮), উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), সওজ, জয়দেবপুর সড়ক উপ-বিভাগ, গাজীপুর (প্রাক্তন কর্মস্থলঃ সড়ক উপ-বিভাগ, নরসিংদী)।

1CE-3/2012 (পলাশ)